



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ফোনঃ ০২- ৫৫০১৩৭২৬-২৮; ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:-২৩৯/১২-১৯

তারিখ: ১৯ আগস্ট ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি-

### খাগড়াছড়িতে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ

গণমাধ্যমে প্রকাশিত হয় যে, পাহাড়িদের অভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে গত ১৮ আগস্ট ২০১৮ তারিখ খাগড়াছড়ির মহালছড়িতে স্বনির্ভর বাজারে ইউপিডিএফ ও সহযোগী সংগঠনের ব্যানারে আয়োজিত পূর্বনির্ধারিত সমাবেশে প্রকাশ্যে দুর্বৃত্তের অতর্কিত হামলায় ইউপিডিএফভুক্ত পাহাড়ি ছাত্র পরিষদের খাগড়াছড়ি জেলা শাখার সভাপতি তপন চাকমাসহ ০৬ জন নিহত হয়েছেন। এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক।

তিনি বলেন, “কমিশন লক্ষ্য করছে, পার্বত্য চট্টগ্রাম এলাকায় সাম্প্রতিক সময়ে হত্যা ও অপহরণের ঘটনা ঘটছে। গতকাল খাগড়াছড়িতে দুর্বৃত্তের হামলায় ০৭ জন নিহতের ঘটনায় কমিশন তীব্র নিন্দা জানাচ্ছে। পার্বত্য চট্টগ্রাম এলাকার শান্তি ও সম্প্রীতি বজায় রাখার জন্য প্রশাসনকে আরও সক্রিয় হতে হবে। এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে এসব ঘটনা দ্রুত আমলে নিয়ে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়া আবশ্যিক। হত্যা, অপহরণসহ অনুরূপ ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করার জন্য আমি সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানাচ্ছি”।

উল্লেখ্য যে, উক্ত ঘটনায় কমিশন নিম্নলিখিত সদস্যের সমন্বয়ে তথানুসন্ধান কমিটি গঠন করেছে। কমিটিকে আগামী ১০ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে।

০১। নুরুন নাহার ওসমানী, সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন (সাবেক সিনিয়র জেলা ও দায়রা জজ)- আহ্বায়ক

০২। বাঞ্ছিতা চাকমা, সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন (সাবেক অধ্যক্ষ, রাজ্যমাটি সরকারি কলেজ)- সদস্য

০৩। এম রবিউল ইসলাম, উপ-পরিচালক, জাতীয় মানবাধিকার কমিশন- সদস্য সচিব

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ